ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের "বর্জ্য পরিস্কার-পরিচ্ছন্নতা বিষয়ক" সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	জনাব মোঃ আতিকুল ইসলাম মাননীয় মেয়র ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
তারিখ	:	১১ ডিসেম্বর, ২০২৩ খ্রি.
সময়	:	বিকাল ০৩:০০ ঘটিকা।
স্থান	:	গুলশান সেন্টার পয়েন্ট (প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, লেভেল-৬) সভাকক্ষ।
উপস্থিতি	:	পরিশিষ্ট-''ক'' দ্রষ্টব্য।

১। সভার সভাপতি ও ডিএনসিসির মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করার জন্য জনাব মোঃ সেলিম রেজা, প্রধান নির্বাহী কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ডিএনসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে আলোচ্য বিষয়ের উপর মনোযোগ আকর্ষণ করতে নির্দেশ প্রদান করেন। ডিএনসিসির সকল বিভাগীয় প্রধান, সচিব, সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা; সহকারী স্বাস্থ্য কর্মকর্তাগণ, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের পরিচ্ছন্ন পরিদর্শক, পরিচ্ছন্ন কর্মকর্তা ও সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তাগনসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তা উপস্থিত ছিলেন। সভাপতি মহোদয় উল্লেখ করেন যে, ডিএনসিসির নিজস্ব ও আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োজিত পরিচ্ছন্নতা কর্মীদের মাধ্যমে নগরীর বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালিত হয়। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা উল্লেখ করেন যে, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণের তত্ত্বাবধানে পরিচ্ছন্ন পরিদর্শক, পরিচ্ছন্ন কর্মকর্তা ও সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তাগণ অঞ্চলভিত্তিক বর্জ্য ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত। তিনি বলেন যে, সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তার মোট পদসংখ্যা ১১টি, বর্তমানে ৪ জন সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা কর্মরত রয়েছেন। এছাড়াও সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা (পরিকল্পনা) ও সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা (কমিউনিটি) পদ শূণ্য রয়েছে।

২। সভাপতি মহোদয়ের নির্দেশনা মোতাবেক সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা জনাব মোঃ মফিজুর রহমান ভূইয়া, জনাব বসুদেব সরকার, জনাব মোঃ মহসীন এবং পরিচ্ছন্ন কর্মকর্তা জনাব মোঃ ইকবাল করিম পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে দায়িত্বপ্রাপ্ত অঞ্চলসমুহের বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম উপস্থাপন করেন।

৩। সভার আলোচনা- পর্যালোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	পরিচ্ছন্ন কর্মকর্তা; সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা; সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা (পরিকল্পনা) ও সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা (কমিউনিটি) শূন্য পদে জনবল নিয়োগ ও পদায়ন	বর্জ্য ব্যবস্থাপনা বিভাগে কর্মরত জনবল হতে উল্লিখিত পদসমুহে পদোন্নতি,পদায়ন করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে সরাসরি নিয়োগের কার্যক্রম গ্রহন করতে হবে।	সচিব, ডিএনসিসি
২.	যে সকল ওয়ার্ডে সেকেন্ডারি ট্রান্সফার স্টেশন (STS) নেই, সে সকল ওয়ার্ডে STS নির্মাণের জন্য প্রয়োজনীয় ভূমির ব্যবস্থা করে STS নির্মাণ করন	STS নির্মাণের জন্য প্রয়োজনীয় ভূমি খুঁজে বের করতে হবে; বিশেষ করে খাস জমির তালিকা করে STS নির্মাণ করতে হবে	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকা
৩.	ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পাশে STS নির্মাণ করণ	ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির কর্তৃপক্ষের সাথে আলোচনা করে STS নির্মাণ করতে হবে	প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি
৪.	১৫ দিন পর পর "বর্জ্য পরিস্কার-পরিচ্ছন্নতা বিষয়ক" সমন্বয় সভার আয়োজনকরণ	বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ ও স্বাস্থ্য বিভাগের সমন্বয়ে সভার আয়োজন করতে হবে	সচিব, ডিএনসিসি
৫.	রাস্তা, ড্রেন, খাল, জলাশয় পরিস্কারকরণের তারিখ ও স্থান ভিত্তিক তথ্য (পরিস্কারকরণের পূর্বে, পরিস্কারকরণকালে এবং পরিস্কারকরণের পরে) জিআইএস ডাটাবেসে সংরক্ষণকরণ	রাস্তা, ড্রেন, খাল, জলাশয় পরিস্কারকরনের তারিখ ও স্থান ভিত্তিক তথ্য (পরিস্কারকরণের পূর্বে, পরিস্কারকরণকালে এবং পরিস্কারকরণের পরে) জিআইএস ডাটাবেসে সংরক্ষণ করতে হবে এবং সভায় উপস্থাপন করতে হবে	সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা (সকল), ডিএনসিসি
৬.	বর্জ্য ব্যবস্থাপনা এবং মশক নির্মূলে জনসম্পৃক্ততা (Community Engagement) বাড়ানোর জন্য স্কুলের শিক্ষক, মসজিদের ইমাম, অঞ্চলের গন্যমান্য ব্যক্তিদের নিয়ে অঞ্চলভিত্তিক সমন্বয় সভার আয়োজনকরণ	বর্জ্য ব্যবস্থাপনা এবং মশক নির্মূলে জনসম্পৃক্ততা (Community Engagement) বাড়ানোর জন্য স্কুলের শিক্ষক, মসজিদের ইমাম, অঞ্চলের গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে অঞ্চলভিত্তিক সমন্বয় সভার আয়োজন করতে হবে এবং এ সংক্রান্ত সভা আয়োজনের বাজেট উপস্থাপন করতে হবে। সভায় সংশ্লিষ্ট কাউন্সিলরদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি
৭.	ড্রেন, খাল, জলাশয়ে গবাদি পশুর বর্জ্য ফেলা বন্ধকরণ	ড্রেন, খাল, জলাশয়ে গবাদি পশুর বর্জ্য ফেলা বন্ধ করতে হবে। সংশ্লিষ্ট কাউন্সিলরদের নিয়ে গবাদি পশুর খামারিদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	প্রধান সম্পত্তি কর্মকর্তা, ডিএনসিসি; আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি
৮.	বর্জ্য অপসারণের ওপেন স্পটে কনটেইনার বক্স স্থাপন	যে সব এলাকায় বর্জ্য অপসারণের ওপেন স্পট রয়েছে সেখানে প্রয়োজনীয় কনটেইনার বক্স স্থাপন করতে হবে। বেসরকারি ব্যবস্থাপনায় পরিচালিত এলাকা যেখানে ওপেন স্পট রয়েছে সেখানেও বেসরকারি ব্যবস্থাপনায় কনটেইনার বক্স স্থাপন করতে হবে।	প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি
৯.	পরিস্কারকরণের পূর্বে ও পরে সুতিভোলা খালের অবস্থা সম্পর্কে মিডিয়া কাভারেজ	পরিস্কারকরনের পূর্বে ও পরে সুতিভোলা খালের অবস্থা সম্পর্কে মিডিয়া কাভারেজ করতে হবে।	জনসংযোগ কর্মকর্তা, ডিএনসিসি

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১০.	খাল, জলাশয় পরিস্কারকরণের জন্য ফ্লোটিং এক্সকেভেটর, লং এক্সকেভেটরসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহকরণ	খাল, জলাশয় পরিস্কারকরণের জন্য ফ্লোটিং এক্সকেভেটর, লং এক্সকেভেটরসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ করতে হবে	প্রধান প্রকৌশলী, ডিএনসিসি; প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি
১১.	ভ্যান গাড়িতে সবজি বিক্রি বন্ধকরণ; বাজার কমিটির সাথে সভা	ভ্যান গাড়িতে সবজি বিক্রি বন্ধকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে; নির্দিষ্ট স্থানে বর্জ্য অপসারণের জন্য বাজার কমিটির সাথে সভা করতে হবে	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি
১২.	পানি প্রবাহ সচল রাখতে ড্রেন/ খালের আউটলেট নির্মাণ/মেরামতকরণ	পানি প্রবাহ সচল রাখতে ড্রেন/ খালের আউটলেট নির্মাণ/মেরামত করতে হবে	নির্বাহী প্রকৌশলী (সকল), ডিএনসিসি
১৩.	পুলিশ স্টাফ কলেজ, কর্তৃপক্ষ এবং DESCO কে পত্র প্রেরণ	পুলিশ স্টাফ কলেজ হতে উৎপন্ন বর্জ্য ও গাছের ডালপালা রাস্তায় অপসারণ না করে নির্দিষ্ট স্থানে অপসারণের জন্য পত্র প্রেরণ করতে হবে; গাছের ডালপালা রাস্তায় অপসারণ না করে নির্দিষ্ট স্থানে অপসারণের জন্য DESCO কে পত্র প্রেরণ করতে হবে;	সচিব, ডিএনসিসি

৪। সুষ্ঠুভাবে বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে নগরীর পরিবেশ রক্ষায় সকলের একান্ত সহযোগিতা কামনা করা হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
মোঃ আতিকুল ইসলাম
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

স্মারক নং-৪৬.১০.০০০০.০৪৫.০৬.১১৯.২৩-৩৪০

তারিখঃ ০৭/০২/২০২৩খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সভাপতি, বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. সম্মানিত কাউন্সিলর, সাধারন ওয়ার্ড নং-........./ সংরক্ষিত ওয়ার্ড নং-......., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. বিভাগীয় প্রধান (সকল),.. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৪. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১,২,৩,৪,৫,৬,৭,৮,৯ ও ১০,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যান্ত্রিক), প্রকৌশল বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. অতিরিক্ত প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। (ডিএনসিসির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১২. নির্বাহী প্রকৌশলী, (সকল),ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৩. উপ- প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৪. সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৫. সহকারী স্বাস্থ্য কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৬. অফিস কপি।

০৭/০২/২৪

ক্যাপ্টেন মোহাম্মদ ফিদা হাসান
(ই), পিএসসি, বিএন
প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন